# তোমার জন্য

- অভিজিৎ চক্রবর্তী

আবার ফিরে অন্ধকারে তোমার জন্য পয়ার লিখছি
আবার আমার বুকের ভেতর একতারাটির সুর খুঁজছি

আবার এমন বর্ষাকালে ইচ্ছে হচ্ছে হারিয়ে যাই
আবার চোখে একলা ময়ূর ঘুরছে হাওয়ার বিরুদ্ধতায়

তুমি যে কে তুমি যে কি আমায় কেন বলছ না
আমার কথায় আমার লেখায় কেন যে তুমি আসছো না

পিঁপড়ে হয়ে শব্দগুলি নেমে পড়ছে উঠোন জুড়ে
আমার অনেক না জানা ক্ষোভ অনেক লোভের রাস্তা ধরে

বাজার থেকে শশ্মান হয়ে মিছিল ঘুরে ড্রইংরুমে
শিথিল পয়ার নদীর মতন খুঁজছে তোমায় মধ্যযামে

আমার পাঁজর আমার মগজ গলে পড়ছে মোমের ধারা
বৃষ্টিছাঁটে ধুয়ে যাচ্ছে সকল আড়াল সকল তারা

তোমায় যেথায় লুকিয়েছি যেথায় তোমার থাকার কথা
কোথাও নেই কিছুই নেই কেবল মহাশূন্যতা

ডাকছি তোমায় অন্ধকারে দরজা জানলা সপাট খুলে
যদি বা আসো যদি বা থাকো লেখার গভীর গোপন সেলে

আমায় তখন বাইরে থেকে কেউই আর চিনবে না
হাতে শস্ত্র পায়ে অশ্ব শিরস্ত্রাণে চন্দ্রমা ।

*****